সংবাদ

(৭৭)

তারিখ ... 25/8/83 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 2 ...

045

# সামান্য ভুল ?

(উত্তরাঞ্চলীয় প্রতিনিধি)

রাজশাহী, ২৪শে আগষ্ট।— রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এইচ এসসি'র ফল প্রকাশ কেলেঙ্কারি ধরা পড়েছে।

রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র আই, কে, এম মোখতারুল ওয়াদুদ একজন মেধাবী ছাত্র। ১৯৮১ সালে এস এস সি পরীক্ষায় সে মানবিক বিভাগে ২টি বিষয়ে লেটার নিয়ে প্রথম হয়েছিল। এবারে এইচ এসসি পরীক্ষায় তার পিতা-মাতা আশা করেছিলেন তাদের ছেলে প্রথম হবে। কিন্তু ফলাফল যখন ঘোষিত হলো তখন দেখা গেল ওয়াদুদের নাম মেধা তালিকায় নেই। সে শুধুমাত্র প্রথম বিভাগে পাস করেছে। ফলাফল ঘোষণার পর তার পিতামাতা বোর্ডকে চ্যালেঞ্জ করার পর দেখা গেল ওয়াদুদই প্রথম হয়েছে। সে মোট নম্বর পেয়েছে ৭৮৩। অপরদিকে গোলাম রব্বানী নামে রংপুর ক্যাডেট কলেজের যে ছেলেটিকে প্রথম ঘোষণা করা হয় তার মোট নম্বর হচ্ছে ৭৪৮। এই ঘটনা প্রকাশ হয়ে পড়লে বোর্ড কর্তৃপক্ষ গত মঙ্গলবার ওয়াদুদকে প্রথমস্থান অধিকারী হিসেবে ঘোষণা করেন। গোলাম রব্বানীকে দ্বিতীয় ঘোষণা করা হয়।

ওয়াদুদ রাজশাহী শহরের আবুল কালাম ও বেগম কালামের পঞ্চম সন্তান।

এ ব্যাপারে বোর্ডের উর্ধতন কর্মকর্তার সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, এটা আমাদের ভুল হয়ে গেছে; কেননা আমরাও তো মানুষ। তিনি আরো বলেন, এই সামান্য ভুলের ব্যাপার নিয়ে খবরের কাগজে লেখার প্রয়োজন নেই।

অপর একজন কর্মকর্তা বলেন, এটা বোর্ডের একটা গ্রেট মিসটেক। এ ধরনের ভুল অতীতে আরো হয়েছে। একটি বোর্ডের পক্ষে এমন ভুল হওয়া কখনোই উচিত নয়।